



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.mofood.gov.bd



নম্বর: ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২২.২৭০

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৯

০৮ ডিসেম্বর ২০২২

পরিপত্র

বিষয়: অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২২-২০২৩ মৌসুমে ধান ও চাল সংগ্রহ বিষয়ক নির্দেশনা।

অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২২-২০২৩ মৌসুমে ইতোমধ্যে ৩,০০,০০০ (তিন লক্ষ) মে.টন ধান ও ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) মে.টন সিদ্ধ চালের উপজেলাওয়ারি বিভাজন মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। আমন সংগ্রহ ২০২২-২০২৩ মৌসুমে ধান ও চাল সংগ্রহ কার্যক্রম সফল করার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

১। ধান সংগ্রহের ক্ষেত্রে অবিলম্বে বিভাগীয়, জেলা ও উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভা সম্পন্ন করতে হবে। কৃষকের অ্যাপের বাইরে উপজেলাসমূহে লটারি করে ধান সংগ্রহ দ্রুত শুরু ও শেষ করতে হবে। কৃষকের অ্যাপভুক্ত উপজেলাসমূহে রেজিস্ট্রেশন দ্রুত সম্পন্ন করে সিস্টেমে লটারি করে কৃষক নির্বাচনপূর্বক দ্রুত ধান সংগ্রহ করতে হবে;

২। ধান সংগ্রহের বার্তাটি মাইকিং, লিফলেট বিতরণ, স্থানীয় কেবল টিভি স্ক্রলে প্রদর্শনের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুসারে বিনির্দেশসম্মত ২০২২ সালের আমন মৌসুমে উৎপাদিত ধান ও চাল সংগ্রহ নিশ্চিত করতে হবে। ব্যত্যয়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪। ১৫.১২.২০২২ খ্রি. তারিখের মধ্যে চাল সংগ্রহের জন্য মিলারদের সাথে চুক্তি সম্পন্ন করতে হবে। চুক্তি সম্পন্ন হওয়ার পরপরই মিলারদের অনুকূলে চুক্তিকৃত পরিমাণ চালের বরাদ্দপত্র ইস্যুকরত সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুলিপি প্রদানপূর্বক স্ব স্ব জেলার ওয়েব পোর্টাল এ প্রকাশ করতে হবে;


৫। চুক্তিযোগ্য যেসকল মিল মালিক নির্ধারিত সময়ের মধ্যে চুক্তি সম্পাদন করবেন না অথবা চুক্তি সম্পাদন করে কোনো চাল সরবরাহ করবেন না এমন মিল মালিকদের বিরুদ্ধে অত্যাব্যশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এবং অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর আওতায় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৬। যেহেতু চলমান সংগ্রহ মৌসুমে পাক্ষিক ছাঁটাই ক্ষমতা অপেক্ষা বরাদ্দ কম তাই জাতীয় পর্যায়ে চাল সংগ্রহ ৩১ ডিসেম্বর ২০২২ এর মধ্যে ৭০%, ৩১ জানুয়ারি ২০২৩ এর মধ্যে ৯০% এবং ২৮ ফেব্রুয়ারি ২০২৩ এর মধ্যে ১০০% সম্পন্ন করার জন্য (তারিখ, পরিমাণ, সময়ভিত্তিক (period) সিডিউল প্রস্তুতপূর্বক) জেলা, উপজেলা ও গুদামভিত্তিক রোডম্যাপ তৈরি ও সে অনুসারে সংগ্রহ সম্পন্ন করতে হবে;

৭। হাফিং মিলারদের ক্ষেত্রে চুক্তিকৃত চাল সটিং করে সংগ্রহ করতে হবে;

৮। খাদ্য গুদামসমূহে কৃষকবান্ধব পরিবেশ নিশ্চিত করতে হবে। কৃষক যেন কোনোক্রমেই হয়রানির শিকার না হন সে বিষয়ে সতর্ক থাকতে হবে;

- ৯। সংগৃহিত প্রতিটি চালের বস্তায় সর্বশেষ নির্দেশনা অনুযায়ী স্টেনসিল প্রদান নিশ্চিত করতে হবে;
- ১০। ধান ও চাল সংগ্রহ কার্যক্রম যুগপৎভাবে দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;
- ১১। গুদামে স্থান সংকট সংকুলান না হলে চলাচলসূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসারে জেলা খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, মহাপরিচালক (খাদ্য) স্ব স্ব অধিক্ষেত্রে বিধি মোতাবেক স্থান সৃষ্টির লক্ষ্যে চলাচলসূচি জারি করবেন;
- ১২। খালি বস্তার স্বল্পতা দেখা দিলে স্ব স্ব অধিক্ষেত্রের কর্তৃপক্ষের সাথে আলোচনা করে দ্রুত বস্তার স্বল্পতা নিরসনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ১৩। সংগ্রহ কার্যক্রমে সর্বোচ্চ জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রক ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের মনিটরিং জোরদার করতে হবে;
- ১৪। সংগ্রহ ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ব্যবস্থাপক, জেলা খাদ্য নিয়ন্ত্রক ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক সর্বদা সর্বোচ্চ তৎপর ও সতর্ক থাকবেন;
- ১৫। প্রতিদিন বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর থেকে ধান ও চাল সংগ্রহের তথ্য ই-মেইলে খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;
- ১৬। জাতীয়ভাবে ১৭.১১.২০২২ খ্রি. তারিখে ধান ও চাল সংগ্রহের শুরুর উদ্বোধন করা হয়েছে বিধায় স্থানীয়ভাবে পুনরায় কোনো আনুষ্ঠানিকতার অজুহাতে কোনোক্রমেই সংগ্রহ কার্যক্রম বিলম্বিত করা যাবে না;
- ১৭। অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২২-২০২৩ মৌসুম চলাকালীন সংগ্রহ কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণকে বিদেশ ভ্রমণ থেকে বিরত থাকতে হবে।



১১-১২-২০২২

মোঃ ইসমাইল হোসেন এনডিসি

সচিব

ফোন: +৮৮০২৫৫১০০০৮৮

ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮

ইমেইল: secretary@mofood.gov.bd

বিতরণ:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) মহাপরিচালক (গ্রেড-১) (চলতি দায়িত্ব), খাদ্য অধিদপ্তর
- ৫) বিভাগীয় কমিশনার (সকল)
- ৬) অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়

- ৭) অতিরিক্ত সচিব, সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
 ৮) জেলা প্রশাসক (সকল)
 ৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 খাদ্য অধিদপ্তর
 অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
 খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.২৬৪

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯
 ১৪ ডিসেম্বর ২০২২

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১৫-১২-২০২২

মোঃ রায়হানুল কবীর
 পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.২৬৪/১

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯
 ১৪ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার (সকল)
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) জেলা প্রশাসক (সকল)
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬) উপসচিব, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) অতিরিক্ত পরিচালক, এমআইএসএলএম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৮) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)
- ১০) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১১) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১২) অফিস কপি



১৫-১২-২০২২

মোঃ রায়হানুল কবীর
পরিচালক